

**Class:- 7**

Time:- 2 Hours

Name of the student :

**Subject:-Bengali**

Total :- 50 Marks

Roll: Section:

**১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ :-****১X৪=৪**

আমি জন্ম নিয়েছিলুম সেকলে কলকাতায়। শহরে শ্যাকরা গাড়ি ছুটছে তখন ছড়ছড় করে ধুলো উড়িয়ে, দড়ির চাবুক পড়ছে হাড় বের করা ঘোড়ার পিঠে। না ছিল ট্রাম , না ছিল বাস , না ছিল মোটর গাড়ি। তখন কাজের এত বেশি হাঁসফাঁসানি ছিল না, রয়ে বসে দিন চলত। বাবুরা আপিসে যেতেন কষে তামাক টেনে নিয়ে পান চিবোতে চিবোতে, কেউ বা পান্ধি চড়ে, কেউ বা ভাগের গাড়িতে। যাঁরা ছিলেন টাকাওয়ালা তাদের গাড়ি ছিল তকমা আঁটা, চামড়ার আধ-ঘোমটাওয়ালা, কোচ বাক্সে কোচমান বসত মাথায় পাগড়ি হেলিয়ে। দুই দুই সহিস থাকত পিছনে, কোমরে চামর বাঁধা, হেঁইয়ো শব্দে চমক লাগিয়ে দিত পায়ে চলতি মানুষকে।

ক) লেখক কোন্ সময়ে জন্মগ্রহণ করেন ?

i) সেকালের কলকাতায়

ii) একালের কলকাতায়

iii) বিংশ শতাব্দীতে

iv) একবিংশ শতাব্দীতে

খ) সেই সময়ে শহরে যানবাহন কীরূপ ছিল ?

i) মোটরগাড়ি

ii) গরুর গাড়ি

iii) শ্যাকরা গাড়ি

iv) রেলগাড়ি

গ) কীভাবে পায়ে চলতি মানুষকে চমকে দেওয়া হত?

i) হেঁই শব্দ করে

ii) হেঁইয়ো শব্দ করে

iii) হেঁইয়া শব্দ করে

iv) হুঁইয়া শব্দ করে

ঘ) সন্ধি বিচ্ছেদ করো :- 'টাকাওয়ালা'

i) টাকা + ওয়ালা

ii) টাকা+ অয়ালা

iii) টাকা+ আয়ালা

iv) টাক+ ওয়ালা

**২। নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো দুটি)****৩X২=৬**

ক) কেন অপূর পড়াশোনার চেয়ে গল্প শোনা ভালো লাগত ?

খ) "যেন আজ ছুটি হইয়া গিয়াছে।" এই উপলব্ধি কার, কখন হত ?

গ) "গুরুমশায় সে যাত্রা তাহাকে রেহাই দিলেন।" 'সে' কে ? কোন্ দোষ থেকে কেন তাকে রেহাই দিলেন?

**৩। নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো একটি)।****৫X১=৫**

ক) " গুরুমশাই পাঠশালা কীভাবে পরিচালনা করতেন ? কারা কারা তাঁর সঙ্গে গল্প করতে আসতেন ? এতে কি পড়াশোনার ব্যাঘাত হত ?

খ) "বড়ো হইলে সে তামাকের দোকান করিবে।" 'সে' কে ? কখন তার মনে এই ইচ্ছে জাগে ? দোকান দিয়ে সে কী করবে ? এই উক্তি থেকে তার মনের যে পরিচয় পাওয়া যায় তা লেখো।

**৪। নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো দুটি)****৩X২=৬**

ক) কবি দুনিয়ায় কী কী ভালো বলেছেন?

খ) কবি ঝিঙে ফুলকে ঢলঢল স্বর্ণের সঙ্গে তুলনা করে কী বলেছেন?

গ) 'পাতার দেশের পাখি' বলতে কাকে এবং কেন বলা হয়েছে ?

**৫। নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো একটি)**

৫X১=৫

ক) " ভালো এই পথ ভুল "। কোন্ পথের কথা বলা হয়েছে? 'পথ-ভুল' বলতে কী বোঝ? কেন এই পথ-ভুল ভালো?

খ) "ভালো রে ভালো " কবিতাটিতে কবি কী বলতে চেয়েছেন তা নিজের ভাষায় লেখো।

**৬। নীচের প্রশ্নগুলো পড়ে সঠিক উত্তরটি বেছে লিখ। (যে কোনো চারটি)**

১X৪=৪

ক) কবির ভালো লাগে মেঘ-মাথানো-----।

i) অন্ধকার      ii) বাতাস      iii) বৃষ্টি      iv) আকাশ

খ) ' ভালো রে ভালো ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

i) ঝিঙে ফুল      ii) পথের পাঁচালী      iii) আবোল তাবোল      iv) কুমকুম

গ) ঝিঙে ফুল কী চায় না?

i) অলকাকে      ii) আকাশকে      iii) মাটি মাকে      iv) বলাকাকে

ঘ) পাঠশালা কখন বসত?

i) সকালে      ii) দুপুরে      iii) সন্ধ্যায়      iv) বৈকালে

ঙ) সাবিত্রী পাহাড় কোথায় অবস্থিত?

i) বিহারে      ii) রাজস্থানে      iii) মহারাষ্ট্রে      iv) তামিলনাড়ুতে

**৭। নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্ন গুলোর উত্তর দাও। (যে কোনো চারটি)**

১X৪=৪

ক) সান্যাল মশায় কীসে বাতিকগ্রস্ত ছিলেন?

খ) কোন্ জলে স্নান করা ভালো?

গ) পউষের শেষ বেলায় ঝিঙে ফুল কী বেশ পরে?

ঘ) সবুজ পাতার দেশে কারা থাকে?

ঙ) কোন্ কথা শুনে অপূর ভারী হাসি পায়?

**৮। নীচের পাঠ্য ব্যাকরণগত প্রশ্নগুলোর উত্তর দাও।**

ক) শব্দার্থ লিখ। (যে কোনো দুটি)

১X২=২

অপরাহ্ন,      দোলমা,      হিয়া।

খ) বিপরীত শব্দ লিখ। (যে কোনো দুটি)

১X২=২

কল্পনা,      সস্তা,      রোদে।

গ) পদ পরিবর্তন করো। (যে কোনো দুটি)

১X২=২

উৎসুক,      আকাশ,      মাটি।

**৯। নীচের ব্যাকরণগত প্রশ্নগুলোর উত্তর দাও।**

ক) পূরণবাচক শব্দ কাকে বলে?

২

খ) অ - প্রত্যয় যোগে দুটি শব্দ গঠন করো।

১

গ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ লিখ। (যে কোনো তিনটি)

১X৩=৩

অ) কাদা      আ) জাল      ই) কটি      ঈ) সজ্জা

কাঁদা      জ্বাল      কোটি      শয্যা

**১০। নীচের সংকেতগুলি পড়ে শিরোনাম ও নীতিকথা সহ নিজের ভাষায় গল্প রচনা করো ৪X১=৪**

**সংকেত :** - এক বৃদ্ধের তিন ছেলে ----- ছেলেরা অলস ----- তারা বাবাকে তাঁর মৃত্যুশয্যায় জিজ্ঞাসা করল, বাবা তাদের জন্য টাকা পয়সা কী রেখে যাচ্ছেন ----- বাবা বললেন ----- সামনের জমিতে তিনি তিন কলসি টাকা পুঁতে রেখেছেন ----- বাবা মারা গেলে ছেলেরা সারা জমি খুঁড়ে ফেলল ----- টাকা পেল না ----- তখন কিছু শস্য বুনে দিল ----- খুব ভাল ফসল হল ----- তা থেকে অনেক টাকা পেল ----- বাবার কথার অর্থ বুঝল ----- চাষে মন দিল।